গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০২.১৯/২০৪

তারিখঃ ২০ জুন, ২০১৯ খ্রি:

**বিষয়ঃ আগাম কর আদায় সংক্রান্ত বিষয়ে দিক-নির্দেশনা প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, গত ১৩ জুন, ২০১৯ মহান জাতীয় সংসদে অর্থবিল ২০১৯ উপস্থাপিত হয়। অর্থবিল ২০১৯ এর দফা ৭১ অনুযায়ী আগাম কর আরোপ করা হয়; যা Provisional Collection of Taxes Act 1931 (Act No XVI of 1931) এর Section 3 তে প্রদত্ত ক্ষমতাবলে অবিলম্বে কার্যকর হয়। সরকারি প্রতিষ্ঠানসহ কিছু কিছু ক্ষেত্রে আগাম কর পরিশোধের পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় আমদানি পণ্য ছাড়করণে জটিলতা তৈরি হচ্ছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড অবহিত হয়েছে। তাই ক্রান্তিকালীন সময়ে অর্থাৎ আগামী ৩০ জুন, ২০১৯ পর্যন্ত নিম্নবর্ণিত ক্ষেত্রে, আমদানিকারক কর্তৃক ৫ (পাঁচ) শতাংশ আগাম কর আইন অনুযায়ী পরিশোধ করবেন মর্মে ৩০০ (তিন শত) টাকার স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল সাপেক্ষে আগাম কর আদায় ব্যতিরেকে শুল্কায়ন ও খালাসের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। যথা:-

(ক) সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা, জাতিসংঘভুক্ত সংস্থা, দূতাবাস, বিশেষ সুবিধাপ্রাপ্ত ব্যক্তি ও সংস্থা এবং আইন ও চুক্তিপত্রের মাধ্যমে সরকার কর্তৃক অব্যাহতিপ্রাপ্ত প্রতিষ্ঠান ও সংস্থা কর্তৃক বিক্রয়/হস্তান্তরের জন্য নয় এমন আমদানিকৃত পণ্য;

(খ) Customs Act, 1969 (Act IV of 1969) এর Section এর ১৩ এর অধীনে বন্ড লাইসেন্স বা বন্ড রেজিস্ট্রেশন প্রাপ্ত সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান, প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান ও ডিপ্লমেটিক বন্ডেডওয়্যার হাউস কর্তৃক বন্ড লাইসেন্সের আওতায় আমদানিকৃত পণ্য;

(গ) Presidents (Remuneration and Previliges) Act, 1975 অনুসারে রাষ্ট্রপতি কর্তৃক আমদানিকৃত পণ্য;

(ঘ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং-৬১-আইন/৯২/১৪৪৪/শুল্ক, তারিখ: ১৭/০৩/১৯৯২ খ্রিস্টাব্দ এর আওতায় ত্রাণ হিসেবে আমদানিকৃত পণ্য;

(ঙ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও নং-৩৬-আইন/৯৩/১৫০২/শুল্ক, তারিখ: ১৫/০২/১৯৯৪ খ্রিস্টাব্দ এর আওতায় অন্ধ ও বধিরদের জন্য আমদানিকৃত পণ্য;

(চ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নং 9(41)NBR/Cus-IV/72/246, Date: 10.04.1981 এর আওতায় Defence Store হিসেবে আমদানিকৃত পণ্য;

(ছ) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদনের ভিত্তিতে সরকারি প্রকল্পের আওতায় আমদানিকৃত পণ্য;

(জ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও নং- ২০২-আইন/৯৫/১৬৩৯/কাস, তারিখঃ ২৮/১১/১৯৯৫ খ্রিস্টাব্দ এর আওতায় আমদানিকৃত পণ্য;

(ঝ) তুলা (এইচ এস কোড ৫২০১.০০.০০), পলিস্টার ইয়ার্ন (এইচ এস কোড ৫৫০৩.২০.০০), ভিসকস ইয়ার্ন (এইচ এস কোড ৫৫০৪.১০.০০) আমদানির ক্ষেত্রে;

(ঞ) সরকার অনুমোদিত বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও শুধুমাত্র বিদ্যুৎ উৎপাদন সংশ্লিষ্ট উপকরণ; এবং

(ট) কোন নিবন্ধিত উৎপাদনকারী কর্তৃক Customs Act, 1969 (Act No. IV of 1969) এর আওতায় জারিকৃত মূলধনী যন্ত্রপাতি সংক্রান্ত প্রজ্ঞাপনের মাধ্যমে রেয়াতী সুবিধাপ্রাপ্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ।

20.06.19

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)
প্রথম সচিব (মূসক নীতি)
ফোন: ৮৩১৮১২০, এক্স - ২৩১

**প্রাপকঃ**

০১। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।

০২-০৭। কমিশনার অব কাস্টমস,কাস্টম হাউজ, ঢাকা/চট্টগ্রাম/মংলা/বেনাপোল/পানগাঁও/আই.সি.ডি,কমলাপুর ।

০৮-১৯। কমিশনার, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(দক্ষিণ)/ঢাকা(উত্তর)/ ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/ কুমিল্লা/যশোর/রাজশাহী/রংপুর/খুলনা/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট -মূসক, ঢাকা।

২০-২৬। কমিশনার, শুল্ক, আবগারী ও ভ্যাট (আপীল),চট্টগ্রাম/ঢাকা-১/ ঢাকা-২/ খুলনা/শুল্ক মূল্যায়ণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট/ কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা/চট্টগ্রাম ।

২৭-৩১। মহা-পরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত পরিদপ্তর, ঢাকা/শুল্ক, রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর (ডেডো) ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম/ মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০২.১৯ তারিখঃ ২০ জুন, ২০১৯ খ্রি:

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

০১-৭। সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন)/ (শুল্ক নীতি)/ (শুল্ক রপ্তানি, বন্ড ও আইটি)/ (শুল্ক নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য)/ (মূসক নীতি)/ (মূসক-বাস্তবায়ন ও আইটি)/ (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৮। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প, ১৬০/এ, আইডিইবি ভবন, ৮ম তলা, কাকরাইল, ঢাকা।

০৯। মহাপরিচালক (গবেষণা ও পরিসংখ্যান), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১০। প্রথম সচিব, শুল্ক (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১১। প্রথম সচিব, মূসক (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১২। দ্বিতীয় সচিব, (শুল্ক-সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১৩। দ্বিতীয় সচিব, (মূসক-সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

(মোঃ তারেক হাসান)
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
ফোন: ৮৩১৮১২০, এক্স - ৩৪৮